

ইউসুফ | Yusuf | يُوسُف

আয়াতঃ ১২ : ১০৪

আরবি মূল আয়াত:

وَمَا تَسْأَلُهُمْ عَلَيْهِ مِنْ أَجْرٍ ۗ إِنْ هُوَ إِلَّا زِكْرٌ لِلْعَالَمِينَ ﴿١٠٤﴾

অনুবাদসমূহ:

আর তুমি এর উপর তাদের কাছে কোন প্রতিদান চাও না, এ তো (কুরআন) সমগ্র সৃষ্টির জন্য উপদেশমাত্র। — আল-বায়ান

তুমি তার জন্য তাদের কাছে কোন পারিশ্রমিক চাচ্ছ না, এটা তো বিশ্বজগতের সকলের জন্য উপদেশ মাত্র। — তাইসিরুল

আর তুমিতো তাদের কাছে কোন পারিশ্রমিক দাবী করছোনা, এটাতো বিশ্বজগতের জন্য উপদেশ ছাড়া কিছু নয়। — মুজিবুর রহমান

And you do not ask of them for it any payment. It is not except a reminder to the worlds. — Sahih International

১০৪. আর আপনি তাদের কাছে কোন পারিশ্রমিক দাবী করছেন না। এ (কুরআন) তো সৃষ্টিকুলের জন্য উপদেশ ছাড়া কিছু নয়।

-

তাফসীরে জাকারিয়া

(১০৪) আর তুমি তো তাদের কাছে কোন পারিশ্রমিক দাবী করছ না,[1] এ (কুরআন) তো বিশ্বজগতের জন্য উপদেশ ছাড়া কিছু নয়। [2]

[1] যাতে তাদের সংশয় সৃষ্টি হয় যে, নবুঅতের দাবী তো শুধু ধন সঞ্চয় করার বাহানা।

[2] যেন মানুষ এর দ্বারা হিদায়াত গ্রহণ করে এবং নিজ ইহ-পরকাল সাজিয়ে নেয়। এখন বিশ্ববাসী যদি এ থেকে বিমুখ হয় এবং হিদায়াত গ্রহণ না করে, তাহলে ক্রটি তাদের এবং সেটা তাদের দুর্ভাগ্য। কুরআন তো বাস্তবে বিশ্ববাসীর জন্য হিদায়াত ও নসীহতই নিয়ে এসেছে। (পারস্য কবি বলেন,) ‘চামচিকা যদি দিনের বেলায় না দেখে, তাহলে সূর্যের দোষ কি?’

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=1700>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন